# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায)

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

২.১০ সালাত ভঙ্গকারী কাজ - ২৪. সালাত অবস্থায় কী কী কাজ করলে সালাত ভঙ্গ হয়ে যায়?

নিচে বর্ণিত যে কোন কাজ করলে সালাত ভঙ্গ হয়ে যায়। পরে এ সালাত আবার আদায় করতে হয়। আর তা হলো:

১. সালাতের শর্ত ভঙ্গকারী কোন কাজ করা। যেমন- পবিত্রতা নষ্ট হওয়া, সতর খুলে যাওয়া, সালাতে কিবলা পরিবর্তন করে ফেলা ইত্যাদি।
২. জেনে-শুনে স্বেচ্ছায় সালাতের কোন রুকন বা ওয়াজিব ছেড়ে দেওয়া।
৩. স্মরণ থাকা অবস্থায় ইচ্ছাকৃতভাবে কথা বলা।
৪. পাশের মুসল্লী বা অন্য কেউ শুনতে পায় এমন আওয়াজ করে হাসি দেওয়া।
৫. ইচ্ছাকৃতভাবে কোনকিছু খাওয়া বা পান করা।
৬. বিনা কারণে বার বার নড়াচড়া করা।
৭. কোন রুকন বাদ দেওয়া।
৮. সালাতের কোন রুকন ইচ্ছাকৃতভাবে বৃদ্ধি করা।
৯. ইচ্ছা করে কোন রাকাআত অতিরিক্ত যোগ করা।
১০. ইচ্ছাকৃতভাবে ইমামের আগে মুক্তাদির সালাম ফেরানো।
১১. সালাতের ভেতরেই সালাত ভঙ্গ করার নিয়ত করা।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12908

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন